গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২২৪

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ / ২৭ অক্টোবর ২০২৪

**'পরিপত্র'**

বিষয় : "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) এর টিউশন ফি নীতিমালা- ২০২৪"।

১। **নীতিমালার শিরোনাম:**

১.১ এই নীতিমালা "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) এর টিউশন ফি নীতিমালা- ২০২৪" নামে অভিহিত হবে।

১.২ নীতিমালা জারির তারিখ হতে ইহা কার্যকর হবে।

২। **নীতিমালার প্রয়োগ:**

২.১ এই নীতিমালা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল এম.পি.ও.ভুক্ত ও নন-এম.পি.ও. শিক্ষা প্রতিষ্ঠান (যথা: স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর)-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২.২ অনুচ্ছেদ ২.৫ এ উল্লিখিত কমিটি কর্তৃক মাসিক বেতন/টিউশন ফি নির্ধারিত হবে।

২.৩ শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান, ধরন, অভিভাবকগণের সামাজিক ও আর্থিক অবস্থা বিবেচনায় রেখে মাসিক বেতন/টিউশন ফি এর পরিমাণ নির্ধারিত হবে।

২.৪ মাসিক বেতন/টিউশন ফি ব্যতিত অন্যান্য খাতে নীতিমালার তফসিল (ক/খ/গ/ঘ) অনুসরণ করতে হবে।

২.৫ সিটি কর্পোরেশন এলাকা মহানগর এলাকা হিসেবে বিবেচিত হবে এবং মহানগর কমিটি মহানগর এলাকার জন্য টিউশন ফি নির্ধারণ করবে। অন্যান্য এলাকা (যথা-জেলা সদর, পৌর এলাকা, উপজেলা) জেলা কমিটির আওতাভুক্ত এলাকা হিসেবে বিবেচিত হবে এবং জেলা কমিটি তার আওতাধীন এলাকার জন্য টিউশন ফি নির্ধারন করবে।

২.৬ **টিউশন ফি নির্ধারণে মহানগর এলাকার জন্য :-**

**(ক) মহানগর কমিটিঃ**

| ক্রমিক | পদবি ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার শিক্ষা ও আইসিটি/সার্বিক | সভাপতি |
| ২। | জেলা প্রশাসক এর প্রতিনিধি | সদস্য |
| ৩। | আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪। | এমপিওভুক্ত কলেজের একজন অধ্যক্ষ (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫। | নন-এমপিও কলেজের একজন অধ্যক্ষ (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬। | এমপিওভুক্ত স্কুলের একজন প্রধান শিক্ষক (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭। | নন-এমপিও স্কুলের একজন প্রধান শিক্ষক (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮। | উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯। | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১০। | আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

২.৭ **টিউশন ফি নির্ধারণে জেলা সদর পৌর এলাকার, উপজেলা এলাকার জন্য:-**

**(খ) জেলা কমিটিঃ**

| ক্রমিক | পদবি ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক | সভাপতি |
| ২। | উপজেলা পর্যায়ে এমপিওভুক্ত কলেজের একজন অধ্যক্ষ (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩। | পৌরসভা পর্যায়ে নন-এমপিও কলেজের একজন অধ্যক্ষ (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪। | উপজেলা পর্যায়ে এমপিওভুক্ত স্কুলের একজন প্রধান শিক্ষক (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫। | উপজেলা পর্যায়ে নন-এমপিও স্কুলের একজন প্রধান শিক্ষক (শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬। | উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭। | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য সচিব |

২.৮ চেয়ারম্যান, সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড অক্টোবর মাসের মধ্যে বিভিন্ন ক্যাটাগরির প্রতিনিধি নির্বাচন করে কমিটির সভাপতিকে অবহিত করবে।

২.৯ **কমিটির কর্মপরিধি:**

(ক) কমিটি আওতাভুক্ত এলাকার এমপিও/নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফি নির্ধারণ করবে।

(খ) প্রতিবছর ৩০ নভেম্বরের মধ্যে পরবর্তী শিক্ষাবর্ষের জন্য প্রতিষ্ঠানভিত্তিক টিউশন ফি/মাসিক বেতন নির্ধারণ করবে।

(গ) দরিদ্র অসহায় শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে ফুল ফ্রি/হাফ ফ্রি'র ব্যবস্থা করবে।

(ঘ) নির্ধারিত মাসিক বেতন/টিউশন ফি আদায়ের বিষয় জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিটর করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডকে অবহিত করবে।

২.১০ সদস্য সচিব কর্তৃক টিউশন ফি নির্ধারণের খসড়া প্রস্তাব কমিটির সভায় উপস্থাপিত হবে। কমিটির সভায় গৃহীত চূড়ান্ত প্রস্তাব কমিটির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত হবে।

২.১১ নির্ধারিত বেতন/টিউশন ফি সংক্রান্ত তথ্য আবশ্যিক ভাবে শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।

২.১২ কমিটির সদস্য সচিব কর্তৃক নিম্নোক্ত ছকে বেতন/টিউশন ফি বিবরণী প্রস্তুত করতে হবে।

| জেলা | উপজেলা | প্রতিষ্ঠানের নাম | EIIN | ৩১ ডিসেম্বর তারিখে মোট শিক্ষার্থী | শ্রেণি ওয়ারী মাসিক বেতন/টিউশন ফি (টাকা) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| | | | | | | | | | | | | | | | | |

২.১৩ মহানগর ও জেলা কমিটি কর্তৃক নির্ধারিত মাসিক বেতন/টিউশন ফি এবং সংক্ষিপ্ত প্রতিবেদন কমিটির সভাপতির স্বাক্ষরে ৩১ ডিসেম্বর এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। **হিসাব সংরক্ষণ:**

৩.১ মাসিক বেতন/টিউশন ফি এবং তফসিলে বর্ণিত খাতে আদায়কৃত অর্থ তফসিলী ব্যাংকে নির্দিষ্ট হিসাবে রাখতে হবে। কোন একক খাতে বাৎসরিক আদায় ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার অধিক হলে উক্ত খাতের জন্য আলাদা ব্যাংক হিসাব খুলতে হবে।

৩.২ আদায়কৃত অর্থ আবশ্যিকভাবে খাত ভিত্তিক ব্যয় করতে হবে এবং এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না।

৩.৩ সকল আদায় ও ব্যয় ব্যাংক হিসাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

৪। **হিসাব নিরীক্ষা:**

৪.১ অর্থ আদায় ও অর্থ ব্যয় নিরীক্ষাযোগ্য বলে গন্য হবে।

৪.২ হিসাব সংরক্ষণের সাধারণ নীতিমালা ও পদ্ধতি অনুসরণপূর্বক পৃথক পৃথক খাতভিত্তিক হিসাব রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

৪.৩ প্রতি পঞ্জিকা বর্ষে দুই বার (জুন ও ডিসেম্বর) ক্যাশ বহি ও ব্যাংক বিবরণী সমন্বয় (Reconciliation) করতে হবে।

৪.৪ সকল প্রকার হিসাবের সফটকপি এবং হার্ডকপি নূন্যতম ২০ (বিশ) বছর সংরক্ষণ করতে হবে এবং দায়িত্ব হস্তান্তরকালে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দায়িত্ব গ্রহণকারী শিক্ষককে লিখিতভাবে বুঝিয়ে দিতে হবে।

৪.৫ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৩১ জুলাই ২০২৩ তারিখ ৩৭.০০.০০০০.৭২.৪৪.০৫.২২.১৬১ স্মারকে জারিকৃত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহি সংক্রান্ত নীতিমালা-২০২৩' প্রতিষ্ঠানের আয় ব্যয়ের হিসাব সংরক্ষনে অনুসরণীয় হবে।

৫। শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনে আয়-ব্যয়ের নতুন খাত সংযোজন/বিয়োজন/পরিবর্তন করতে পারবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/১০/২০২৪
(সিদ্দিক জোবায়ের)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

# শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থের
## তফসিল “ক”
## মাধ্যমিক পর্যায় (এম.পি.ও.ভুক্ত প্রতিষ্ঠান)
(কলাম ৩/৫/৭ এর হার সর্বোচ্চ এবং বার্ষিক)

| খাতের নাম | এমপিওভুক্ত প্রতিষ্ঠান | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মহানগরী | | পৌর জেলা ও পৌর উপজেলা | | মফস্বল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| টিউশন ফি/মাসিক বেতন | ৬ষ্ঠ-১০ম মাসিক | - | ৬ষ্ঠ-১০ম মাসিক | - | ৬ষ্ঠ-১০ম মাসিক | - |
| অভ্যন্তরীণ পরীক্ষা | প্রতি বিষয়/প্রতি পত্রে ৩ ঘন্টার জন্য ৪০/- এবং তদনিম্ন সময়ের জন্য ৩০/- টাকা হারে | | | | | |
| মুদ্রণ/ছাপা (সিলেবাস, রেজি:, অগ্রগতি প্রতিবেদন ইত্যাদি) | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ২০০/ | বার্ষিক | ২০০/ |
| টিফিন- (প্রযোজ্য ক্ষেত্রে) | মাসিক | ১৫০/- | মাসিক | ১৫০/- | মাসিক | ১০০/- |
| ম্যাগাজিন (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/ | বার্ষিক | ৭৫/ |
| ক্রীড়া (অভ্যন্তরীন ও বহি:) | বার্ষিক | ১৫০/- | বার্ষিক | ১৫০/- | বার্ষিক | ১০০/- |
| সাংস্কৃতিক/বিতর্ক | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন জাতীয় দিবস উদযাপন | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন ক্লাব গঠন | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| লাইব্রেরি | বার্ষিক | ২০/- | বার্ষিক | ২০/- | বার্ষিক | ২০/- |
| কল্যাণ/দারিদ্র তহবিল | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| আইসিটি (প্রতি মাসে বিশ টাকা হারে) | বার্ষিক | ২৪০/- | বার্ষিক | ২৪০/- | বার্ষিক | ২৪০/- |
| বাগান ও বাগান পরিচর্যা | বার্ষিক | ৬০/- | মাসিক | ৫/- | মাসিক | ৫/- |
| ল্যাবরেটরি/গবেষণাগার (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ৩০/- | বার্ষিক | ২০/- |
| স্কাউট/গার্লস গাইড/বিএনসিসি/ রেডক্রিসেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) | শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে। | | | | | |
| কমনরুম | বার্ষিক | ৩০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ৫/- |
| পরিচয়পত্র | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| অত্যাবশকীয় ব্যয় | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ৩০/- |
| নবীনবরণ, বিদায় সংবর্ধনা | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ৩০/- |
| চিকিৎসা সেবা | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |
| বিবিধ/আনুষঙ্গিক | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| উন্নয়ন (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০০০/- | বার্ষিক | ৫০০/- | বার্ষিক | ২০০/- |
| বিদ্যুৎ (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৩০/- | বার্ষিক | ২০/- | বার্ষিক | ১০/- |
| শিক্ষা সফর | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| সাঁতার প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |

## তফসিল "খ"
## মাধ্যমিক পর্যায় (নন এম.পি.ও. প্রতিষ্ঠান)
**(কলাম ৩/৫/৭ এর হার সর্বোচ্চ এবং বার্ষিক)**

| খাতের নাম | নন-এমপিওভুক্ত প্রতিষ্ঠান | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মহানগরী | | পৌর জেলা ও পৌর উপজেলা | | মফস্বল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| টিউশন ফি/মাসিক বেতন | ৬ষ্ঠ-১০ম মাসিক | - | ৬ষ্ঠ-১০ম মাসিক | - | ৬ষ্ঠ-১০ম মাসিক | - |
| অভ্যন্তরীণ পরীক্ষা | প্রতি বিষয়/প্রতি পত্রে ৩ ঘন্টার জন্য ৪০/- এবং তদনিম্ন সময়ের জন্য ৩০/- টাকা হারে | | | | | |
| মুদ্রণ/ছাপা (সিলেবাস, রেজি:, অগ্রগতি প্রতিবেদন ইত্যাদি) | বার্ষিক | ২৫০/- | বার্ষিক | ২৫০/- | বার্ষিক | ১৫০/- |
| টিফিন- (প্রযোজ্য ক্ষেত্রে) | মাসিক | ২০০/- | মাসিক | ১৫০/- | মাসিক | ১০০/- |
| ম্যাগাজিন (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| ক্রীড়া (অভ্যন্তরীন ও বহি:) | বার্ষিক | ২৫০/- | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ১০০/- |
| সাংস্কৃতিক/বিতর্ক | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন জাতীয় দিবস উদযাপন | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন ক্লাব গঠন | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| ধর্মীয় অনুষ্ঠান (মিলাদ/পুজা) | বার্ষিক | ১৫০/- | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ৭৫/- |
| লাইব্রেরি | বার্ষিক | ২০/- | বার্ষিক | ২০/- | বার্ষিক | ২০/- |
| কল্যাণ/দারিদ্র তহবিল | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| আইসিটি (প্রতি মাসে বিশ টাকা হারে) | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ৩০০/- |
| বাগান | বার্ষিক | ৬০/- | মাসিক | ৫/- | মাসিক | ৫/- |
| ল্যাবরেটরি/গবেষণাগার (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ৩০/- | বার্ষিক | ২০/- |
| স্কাউট/গার্লস গাইড/ বিএনসিসি/ রেডক্রিসেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) | শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে। | | | | | |
| কমনরুম | বার্ষিক | ৩০/- | বার্ষিক | ২০/- | বার্ষিক | ১০/- |
| পরিচয়পত্র | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| অত্যাবশকীয় ব্যয় | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| নবীনবরণ, বিদায় সংবর্ধনা | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৩০/- |
| মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ২০/- |
| চিকিৎসা সেবা (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |
| বিবিধ/আনুষঙ্গিক | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| উন্নয়ন (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ২০০০/- | বার্ষিক | ১০০০/- | বার্ষিক | ৫০০/- |
| বিদ্যুৎ (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৩০/- | বার্ষিক | ২০/- | বার্ষিক | ১০/- |
| শিক্ষা সফর | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| সাঁতার প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |

# তফসিল "গ"

## কলেজ পর্যায় (এম.পি.ও.ভুক্ত প্রতিষ্ঠান)

(কলাম ৩/৫/৭ এর হার সর্বোচ্চ এবং বার্ষিক)

| খাতের নাম | এমপিওভুক্ত প্রতিষ্ঠান | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মহানগরী | | পৌর জেলা ও পৌর উপজেলা | | মফস্বল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| টিউশন ফি/মাসিক বেতন | ১১শ-১২শ মাসিক | - | ১১শ-১২শ মাসিক | - | ১১শ-১২শ মাসিক | - |
| পরিচয়পত্র | বার্ষিক | ৭৫/- | | ৭৫/- | | ৭৫/- |
| অভ্যন্তরীণ পরীক্ষা | প্রতি বিষয়/প্রতি পত্রে ৩ ঘন্টার জন্য ৫০/- এবং ৪ ঘন্টা সময়ের জন্য ৬০/- টাকা হারে। | | | | | |
| মুদ্রণ/ছাপা (সিলেবাস, রেজি:, অগ্রগতি প্রতিবেদন ইত্যাদি) | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ২০০/- |
| ম্যাগাজিন (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ১০০/- |
| ক্রীড়া (অভ্যন্তরীন ও বহি:) | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ১৫০/- |
| সাংস্কৃতিক/বিতর্ক | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন জাতীয় দিবস উদযাপন | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন ক্লাব গঠন | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| ধর্মীয় অনুষ্ঠান (মিলাদ/পুজা) ইত্যাদি | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ৭৫/- |
| লাইব্রেরি | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৫০/- |
| কল্যাণ/দারিদ্র তহবিল | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৩০/- |
| আইসিটি (প্রতি মাসে বিশ টাকা হারে) | বার্ষিক | ২৪০/- | বার্ষিক | ২৪০/- | বার্ষিক | ২৪০/- |
| ল্যাবরেটরি/গবেষণাগার (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| রোভার/স্কাউট/গার্লস গাইড/বিএনসিসি বেঞ্জার/ রেডক্রিসেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) | শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে। | | | | | |
| ভূমিকর, বিদ্যুৎ ও পানি | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| অধিভূক্তি ফি | শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত | | | | | |
| ছাত্র সংসদ ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| উন্নয়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ২০০০/- | বার্ষিক | ১০০০/- | বার্ষিক | ২০০/- |
| বিবিধ | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| চিকিৎসা সেবা | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |
| শিক্ষা সফর (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| শিক্ষার্থীদের পরিবহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে। | | | | | |
| কমনরুম | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ৩০/- |
| নবীনবরণ | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| সাঁতার প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |

# তফসিল "ঘ"

## কলেজ পর্যায় (নন এম.পি.ও. প্রতিষ্ঠান)

**(কলাম ৩/৫/৭ এর হার সর্বোচ্চ এবং বার্ষিক)**

| খাতের নাম | নন-এমপিওভুক্ত প্রতিষ্ঠান | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মহানগরী | | পৌর জেলা ও পৌর উপজেলা | | মফস্বল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| টিউশন ফি/মাসিক বেতন | ১১শ-১২শ মাসিক | - | ১১শ-১২শ মাসিক | - | ১১শ-১২শ মাসিক | - |
| পরিচয়পত্র | | ৭৫/- | | ৭৫/- | | ৭৫/- |
| অভ্যন্তরীণ পরীক্ষা | প্রতি বিষয়/প্রতি পত্রে ৩ ঘন্টার জন্য ৫০/- এবং ৪ ঘন্টা সময়ের জন্য ৬০/- টাকা হারে। | | | | | |
| মুদ্রণ/ছাপা (সিলেবাস, রেজি:, অগ্রগতি প্রতিবেদন ইত্যাদি) | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ২০০/- |
| ম্যাগাজিন (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ১৫০/- |
| ক্রীড়া (অভ্যন্তরীন ও বহি:) | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ২০০/- | বার্ষিক | ১৫০/- |
| সাংস্কৃতিক/বিতর্ক | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন জাতীয় দিবস উদযাপন | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| বিভিন্ন ক্লাব গঠন | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| ধর্মীয় অনুষ্ঠান (মিলাদ/পুজা) ইত্যাদি | বার্ষিক | ১৫০/- | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ১০০/- |
| লাইব্রেরি | বার্ষিক | ১০০/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৫০/- |
| কল্যাণ/দারিদ্র তহবিল | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৩০/- |
| আইসিটি | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ৩০০/- |
| ল্যাবরেটরি/গবেষণাগার (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৬০/- | বার্ষিক | ৬০/- | বার্ষিক | ৬০/- |
| রোভার/স্কাউট/গার্লস গাইড/বিএনসিসি বেঞ্জার/ রেডক্রিসেন্ট(প্রযোজ্য ক্ষেত্রে) | শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে। | | | | | |
| ভূমিকর, বিদ্যুৎ ও পানি (প্রতি শিক্ষাবর্ষে ২৫/- হারে) | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- | বার্ষিক | ২৫/- |
| অত্যাবশকীয় কর্মচারী/ অতিথি শিক্ষক | বার্ষিক | ৩০০/- | বার্ষিক | ২৫০/- | বার্ষিক | ২০০/- |
| অধিভূক্তি ফি | শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত। | | | | | |
| ছাত্র সংসদ ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| উন্নয়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ২০০০/- | বার্ষিক | ১০০০/- | বার্ষিক | ২০০/- |
| বিবিধ | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| চিকিৎসা সেবা | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |
| শিক্ষা সফর (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৫০/- |
| শিক্ষার্থীদের পরিবহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে। | | | | | |
| কমনরুম | বার্ষিক | ৫০/- | বার্ষিক | ৪০/- | বার্ষিক | ৩০/- |
| নবীনবরণ | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- | বার্ষিক | ৭৫/- |
| সাঁতার প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- | বার্ষিক | ১০/- |